

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৫১

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-১১৭৬৮/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার ধামইরহাট উপজেলা লক্ষণপাড়া উচ্চ বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি সহকারী প্রধান শিক্ষক এর মাসিক বেতন-ভাতাদি স্থগিত পূর্বক সময়িক বরখাস্ত করেন। বিদ্যালয়টির ম্যানেজিং কমিটি গত ১৩.১২.২০২০ তারিখে “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (গভানিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯” এর সাধারণ আচরণ ও শৃঙ্খলা বিধির ৩৯ (১) (ঈ) মোতাবেক স্থায়ী বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর আপিল এন্ড আরবিট্রেশন হতে নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করা হবে।

জনাব মো. নূরুল ইসলাম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (গভানিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯” এর সাধারণ আচরণ ও শৃঙ্খলা বিধির ৩৯ (১) (ঈ) মোতাবেক স্থায়ী বরখাস্তের নির্দেশনা প্রদানের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী বরাবর ১৪.১২.২০২০ তারিখে আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৭৬৮/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ হতে ০৫.০১.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is hereby directed to dispose of the letter contained in Memo No. ল/উ/বি/৫৫/২০২০ dated 14.12.2020 issued under the signature of the petitioner no.1 (Annexure-H to the writ petition) within 30 (thirty) days from the date of receipt of the copy this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১১৭৬৮/ ২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১৪.১২.২০২০ তারিখের আবেদনটি (Annexure-C-1) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৫১/১(৪)

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১০-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব